যুগান্তর

তারিখ ... 07 MAY 2016 ......
পৃষ্ঠা ... ২৬ কলাম ... ৬ ......

# ঢাবিতে ইনোভেশন অ্যান্ড ইনকিউবেশন ল্যাবের উদ্বোধন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হল ইনোভেশন অ্যান্ড ইনকিউবেশন ল্যাব-আই ল্যাব (উদ্ভাবন ও পরিচর্যা পরীক্ষাগার)। শুক্রবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি কার্যালয়ের পুরনো সিনেট কক্ষে ল্যাবের উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পরে ল্যাবের বিভিন্ন বিষয় নিয়ে সংবাদ সম্মেলন করেন আই ল্যাবের চেয়ারম্যান ও ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সংবাদ সম্মেলনের শুরুতে পাওয়ার পয়েন্টের মাধ্যমে আই.ল্যাবের ভবিষ্যৎ কর্মকাণ্ড সম্পর্কে ধারণা প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের সহকারী অধ্যাপক এবং আই ল্যাবের পরিচালক মো. রাশেদুর রহমান।

ভিসি অধ্যাপক আরেফিন সিদ্দিক বলেন, 'উদ্ভাবনী শক্তির যথার্থ প্রয়োগ নিশ্চিতে বাংলাদেশ এখনও অনেক পিছিয়ে আছে। আমাদের জাতীয় আয়ের মূল ভিত্তি কৃষি শিল্পসহ নানা খাতের উদ্ভাবনের পরিবেশে ব্যাপক উন্নয়ন প্রয়োজন। বহু সামাজিক চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশে ইনোভেশনের (উদ্ভাবন) গুরুত্ব বর্তমানে একটি সামাজিক চাহিদা। সেই চাহিদা পূরণেই কাজ করবে 'ডি ইউ ইনোভেশন অ্যান্ড ইনকিউবেশন ল্যাব (ডি ইউ আই-ল্যাব)'। এটি ভিসি দফতরের একটি ফ্লাগশিপ প্রকল্প।